

ফাতওয়া নম্বর: ৫১৭

প্রকাশকাল: ২৫-১২-২০২৪ ইং

## বিয়ের পূর্বে ফোনালাপের বিধান

### প্রশ্ন:

আমার এক বন্ধু। খালাতো বোনের সাথে যার প্রায় সাত আট বছর ধরে সম্পর্ক। এখন পারিবারিকভাবে তাদের বিয়ে ঠিক হয়েছে। জানার বিষয় হলো, তাদের বিয়ে তো পাকাপাকি। সুতরাং এখন কি তারা পরস্পর ফোনালাপ কিংবা দেখা সাক্ষাৎ করতে পারবে?

-মুহাম্মাদ হাফিয

### উত্তর:

بِسْمِ اللَّهِ وَالصَّلَاةِ وَالسَّلَامِ عَلَى رَسُولِ اللَّهِ

কথা পাকাপাকির দ্বারা বিয়ে সংঘটিত হয় না, বরং দুজন সাক্ষীর উপস্থিতিতে ইজাব কবুল দ্বারা বিয়ে সংঘটিত হয়। বিয়ে সংঘটিত হওয়ার আগ পর্যন্ত পরস্পর স্বামী-স্ত্রী বলে গণ্য হয় না, বরং আগের মতোই বেগানা থেকে যায়। -

আব্দুররুল মুখতার: ৩/৯, ২১; রদ্বুল মুহতার: ৩/১১



ইসলামে বেগানা নারী-পুরুষের পরস্পর দেখা-সাক্ষাৎ ও  
অপ্রয়োজনীয় কথাবার্তা হারাম ও যিনার অন্তর্ভুক্ত। হাদীসে  
এসেছে,

فَالْعَيْنَانِ زَيْنَاهُمَا النَّظَرُ، وَالْأُذُنَانِ زَيْنَاهُمَا الْإِسْتِمَاعُ، وَاللِّسَانُ زَيْنَاهُ الْكَلَامُ، وَالْيَدُ  
زَيْنَاهَا الْبَطْشُ، وَالرِّجْلُ زَيْنَاهَا الْحَطَا. -صحيح مسلم: ٢٦٥٧ ط. دار إحياء  
التراث العربي - بيروت

“চোখের যিনা দৃষ্টিপাত করা। দুকানের যিনা শ্রবণ করা।  
জিহ্বার যিনা কথা বলা। হাতের যিনা স্পর্শ করা। পায়ের  
যিনা হেঁটে যাওয়া।” -সহীহ মুসলিম: ২৬৫৭

সুতরাং প্রশ্নোক্ত সুরতে তাদের পরস্পর কথা-বার্তা ও দেখা-  
সাক্ষাৎ কোনোটাই জায়েয হবে না। -আল-মাবসুত:  
১০/১৫৩, রদ্দুল মুহতার: ১/৪০৬

উল্লেখ্য, বিয়ের উদ্দেশ্যে পাত্র-পাত্রী একে অপরকে দেখতে  
পারে, প্রয়োজনে কিছু কথাও বলতে পারে। তবে তা  
প্রয়োজনের বেশি নয়। এটা সাধারণত এক দু-বারের দ্বারাই  
সেরে যায়। -বাদায়েউস সানায়ে: ৪/২৯৪; উমদাতুল কারী:  
২০/১১৯

আরও দেখুন: আল-বাহরুর রায়েক: ১/৪৭০, ৩/১৪৪, ১৪৭;  
বাদায়েউস সানায়ে: ৪/২৯৪; রদ্দুল মুহতার: ১/৪০৬;  
মাজমাউল আনছর: ১/২২০; সুনানুত তিরমিযী: ৩/৩৮৯

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৫-০৫-১৪৪৬ হি.

২৮-১১-২০২৪ ঈ.

